



কৃষকপর্যায়ে আখের রোগমুক্ত পরিচ্ছন্ন বীজ ...

২

কন্ট্রোল ক্রমসমূহের সংরক্ষণ ও আধুনিকীকরণ ...

৩

নির্বিঘ্নে বোরো ধানের উৎপাদন বৃদ্ধির বিষয়ে ...

৪

নওগাঁর ধামইরহাটে কৃষি প্রযুক্তি মেলা উদ্বোধন ...

৯

পেঁয়াজবীজ ও পেঁয়াজে স্বয়ংসম্পূর্ণ হতে কাজ চলছে : মাননীয় কৃষিমন্ত্রী

মাননীয় কৃষিমন্ত্রী ও আওয়ামী লীগের প্রেসিডিয়াম সদস্য ড. মোঃ আব্দুর রাজ্জাক এমপি বলেছেন, আমরা পেঁয়াজবীজ উৎপাদনে স্বয়ংসম্পূর্ণ হতে চাই। এসব বীজ ব্যবহার করে পেঁয়াজ উৎপাদনেও স্বয়ংসম্পূর্ণ হতে চাই। এ



মাননীয় কৃষিমন্ত্রী ড. মোঃ আব্দুর রাজ্জাক এমপি ফরিদপুরের সদর উপজেলার গোবিন্দগঞ্জে শাহিদা বেগমের পেঁয়াজ বীজ উৎপাদন খামার পরিদর্শন করেন

এরপর পৃষ্ঠা ৭ কলাম ৩

শীঘ্রই দ্রব্যমূল্যের দাম সহনীয় পর্যায়ে আসবে : মাননীয় কৃষিমন্ত্রী



টাঙ্গাইলে টিসিবির ফ্যামিলি কার্ড বিতরণ উদ্বোধন অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্য রাখছেন মাননীয় কৃষিমন্ত্রী ড. মোঃ আব্দুর রাজ্জাক এমপি

মাননীয় কৃষিমন্ত্রী ড. মোঃ আব্দুর রাজ্জাক এমপি বলেছেন, করোনার কারণে বিশ্বব্যাপী খাদ্যশস্যের উৎপাদন ও সরবরাহ বিঘ্নিত হয়েছে। অন্যদিকে ইউক্রেন-রাশিয়া যুদ্ধের প্রভাব খাদ্যশস্যের দামের উপর

পড়েছে। ফলে, বিশ্বব্যাপী খাদ্যপণ্যের দাম অস্বাভাবিক বৃদ্ধি পেয়েছে, দেশেও সম্প্রতি নিত্যপণ্যের দাম কিছুটা বেড়েছে। এ অবস্থায়, দেশে নিত্যপণ্যের দাম সহনীয় পর্যায়ে রাখতে ও

এরপর পৃষ্ঠা ৫ কলাম ৩

খাদ্য নিরাপত্তা নিশ্চিত সরকারি-বেসরকারি প্রতিষ্ঠানের একযোগে কাজ করার আহ্বান-কৃষি সচিব



বাংলাদেশ ফলিত পুষ্টি গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট (বারটান) কর্তৃক আয়োজিত সেমিনারে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মোঃ সায়েদুল ইসলাম, সচিব, কৃষি মন্ত্রণালয়

কৃষি মন্ত্রণালয়ের সম্মানিত সচিব মোঃ সায়েদুল ইসলাম বলেছেন, সরকারি-বেসরকারি সকল প্রতিষ্ঠান একসাথে কাজ করার মাধ্যমে খাদ্য নিরাপত্তা নিশ্চিত করে একটি পুষ্টিসমৃদ্ধ কৃষি খাত আমরা গড়ে

তুলতে পারব। এর মাধ্যমে আমরা SDG-2 অর্জন করতে সক্ষম হবো। এ ক্ষেত্রে বারটানকে অনেক বড় ভূমিকা রাখতে হবে। ২ এপ্রিল ২০২২ বাংলাদেশ ফলিত পুষ্টি গবেষণা ও প্রশিক্ষণ

এরপর পৃষ্ঠা ২ কলাম ৩

কৃষকপর্যায়ে আখের রোগমুক্ত পরিচ্ছন্ন বীজ উৎপাদন ও বিস্তার শীর্ষক প্রকল্পের ইনসেপশন ওয়ার্কশপ অনুষ্ঠিত

বাংলাদেশ সুগারক্রপ গবেষণা ইনস্টিটিউট, ঈশ্বরদী পাবনার উদ্যোগে “কৃষকপর্যায়ে আখের রোগমুক্ত পরিচ্ছন্ন বীজ উৎপাদন ও বিস্তার” শীর্ষক প্রকল্পের ইনসেপশন ওয়ার্কশপ প্রতিষ্ঠানের এএসএম কামাল উদ্দিন মেমোরিয়াল হলে ১৬মাচ ২০২২ অনুষ্ঠিত হয়। আখ গবেষণা প্রতিষ্ঠানের মহাপরিচালক কৃষিবিদ ড. মো. আমজাদ হোসেনের সভাপতিত্বে ওয়ার্কশপে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ চিনি ও খাদ্য শিল্প

আখের আবাদ বৃদ্ধি করতে হবে। তিনি আরো বলেন, আখের আবাদ বৃদ্ধি পেলে চিনিকল পুনরুজ্জীবিত হবে। চিনিকলগুলো সচল হবে ও কর্ম তৎপরতা আরো বৃদ্ধি পাবে। কৃষকসমৃদ্ধ ও লাভবান হবে। চিনি খাদ্যের ঘাটতি অনেকাংশে লাঘব হবে এবং কৃষক, চিনিকল তথা দেশ সমৃদ্ধশীল হবে। তিনি উপস্থিত সকলকে নিবেদিত প্রাণ হয়ে কাজ করার উদাত্ত আহ্বান জানান। ওয়ার্কশপের শুরুতে সুধীজনদের স্বাগত ও শুভেচ্ছা জানিয়ে মূল প্রবন্ধ



কর্পোরেশনের চেয়ারম্যান (গ্রেড-১) জনাব মো. আরিফুর রহমান। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কৃষি মন্ত্রণালয়ের পরিকল্পনা-২ অধিশাখার যুগ্ম-সচিব জনাব রবীন্দ্রশ্রী বড়ুয়া, বাংলাদেশ চিনি ও খাদ্য শিল্প কর্পোরেশনের পরিচালক জনাব আশরাফ আলী ও বাংলাদেশ কৃষি গবেষণা প্রতিষ্ঠান ডাল গবেষণা কেন্দ্রের পরিচালক কৃষিবিদ ড. মোঃ মহিউদ্দিন আহমেদ।

উপস্থাপন করেন বিএসআরআই এর মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা এবং প্রকল্প পরিচালক ড. মোঃ শামসুর রহমান। চিনি শিল্পের উন্নয়নে কৃষকদের উপস্থাপন করেন বিএসআরআই এর মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা এবং প্রকল্প পরিচালক ড. মোঃ শামসুর রহমান। চিনি শিল্পের উন্নয়নে কৃষকদের

আখের আবাদ বৃদ্ধি পেলে চিনিকল পুনরুজ্জীবিত হবে। চিনিকলগুলো সচল হবে ও কর্ম তৎপরতা আরো বৃদ্ধি পাবে। কৃষক সমৃদ্ধ ও লাভবান হবে।

প্রধান অতিথি বলেন, খাদ্য উৎপাদনে দেশ স্বয়ংসম্পূর্ণ হলেও দেশে চিনি খাদ্যের যথেষ্ট ঘাটতি রয়েছে। এ ঘাটতি লাঘবে প্রকল্পের অর্থ সঠিক নিয়মে ও সঠিকভাবে কাজে লাগাতে হবে। আখ গবেষণার নতুন নতুন উদ্ভাবিত ও ফলনশীল জাতের আবাদে কৃষকদের উদ্বুদ্ধ করে

কৃষিবিদ মো. আহসান উদ্দিন সরকার, নর্থবেঙ্গল চিনিকলের এমডি মোঃ আজিমুল আলম ও অন্যান্য চিনিকলের এমডি সর্বজনাব রাকিবুল ইসলাম, সাখাওয়াত হোসেন, আসাদুর রহমান ও জিএম ফেরদৌস আলম প্রমুখ।

তুহার কুমার সাহা, কৃতসা, পাবনা



কুমিল্লা-চাঁদপুর-ব্রাহ্মণবাড়িয়া জেলা সেচ এলাকা উন্নয়ন প্রকল্প, বিএডিসি, কুমিল্লা এর আয়োজনে, এপিএসসিএল, আশুগঞ্জ, ব্রাহ্মণবাড়িয়া এর সম্মেলন কক্ষে ৩১ মার্চ ২০২২ তারিখে কৃষি মন্ত্রণালয়ধীন ব্রাহ্মণবাড়িয়া জেলার সকল দপ্তর/সংস্থার কর্মকর্তাদের সাথে কৃষি কার্যক্রমের উপর মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়। মতবিনিময় সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মোঃ সায়েদুল ইসলাম, সচিব, কৃষি মন্ত্রণালয় মোঃ মহসিন মিজি, কৃতসা, কুমিল্লা

খাদ্য নিরাপত্তা নিশ্চিত সরকারি-বেসরকারি

প্রথম পাতার পর

ইনস্টিটিউট (বারটান) কর্তৃক আয়োজিত ‘খাদ্য ও পুষ্টি নিরাপত্তা অর্জনে টেকসই উন্নয়ন অভীষ্ট (SDG Goal-2)’ শীর্ষক সেমিনারে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে এ কথা বলেন। বারটানকে খাদ্য নিরাপত্তায় বড় ভূমিকা রাখতে হবে জানিয়ে কৃষি সচিব বলেন, একটি মাত্র খাতের উপর অতি নির্ভরশীলতা কমিয়ে কৃষিতে রপ্তানিযোগ্য পণ্য উৎপাদন করতে হবে। উৎপাদিত ফসলে ভ্যালু এড করে রপ্তানি করতে হবে। বারটান প্রশিক্ষণ প্রদান করে সক্ষম জনশক্তিতে রূপান্তর করে, জনসচেতনতা তৈরি করে এবং বৈজ্ঞানিক গবেষণার ভিত্তিতে খাদ্য নিরাপত্তায় বড় ভূমিকা পালন করতে পারে।

মোঃ শাহজাহান আলী বিশ্বাস, পরিচালক, কৃষি তথ্য সার্ভিস, জনাব ড. মোঃ শাহজাহান কবির, মহাপরিচালক, ধান গবেষণা ইনস্টিটিউট, ডাঃ জুবাইদা নাসরীন, মহাপরিচালক, বাংলাদেশ জাতীয় পুষ্টি পরিষদ কার্যালয়, লাইন ডিরেক্টর, ন্যাশনাল নিউট্রিশন সার্ভিস জনস্বাস্থ্য পুষ্টি, জনাব আশেক মাহফুজ, পিএইচডি, গেইন বাংলাদেশ। জনাব তাসনীমা মাহজবীন, উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা, বারটান এর সঞ্চালনায় টেকসই উন্নয়ন অভীষ্ট সম্পর্কিত উপস্থাপনা প্রদান করেন জনাব মোঃ রুহুল আমিন তালুকদার, অতিরিক্ত সচিব কৃষি মন্ত্রণালয়, জনাব মোঃ মনিরুল ইসলাম, যুগ্মসচিব (এসডিজি), প্রধানমন্ত্রীর কার্যালয়, জনাব মোঃ আবুল বাশার চৌধুরী, প্রজেক্ট ম্যানেজার, গেইন বাংলাদেশ। এ সময় নারায়ণগঞ্জ জেলার বিভিন্ন সরকারি দপ্তরের কর্মকর্তা, কৃষি তথ্য সার্ভিসের আঞ্চলিক কর্মকর্তা, বারটানের আঞ্চলিক কার্যালয়সহ সদর দপ্তরের সকল কর্মকর্তা, বেসরকারি প্রতিষ্ঠানের প্রতিনিধি সহ অন্যান্য দপ্তর-সংস্থার কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন।

প্রেস বিজ্ঞপ্তি, কৃষি মন্ত্রণালয়

GEIN এর (Global Alliance for Improved Nutrition) এর সহযোগিতায় অনুষ্ঠিত উক্ত সেমিনারে সভাপতিত্ব করেন বারটানের নির্বাহী পরিচালক (অতিরিক্ত সচিব) জনাব মোঃ আব্দুল ওয়াহিদ। উক্ত সেমিনারে বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন জনাব এ এম এম হায়াতুল্লাহ, চেয়ারম্যান, বিএডিসি, জনাব মোঃ বেনজীর আলম, মহাপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, জনাব

কন্ট্রোল রুমসমূহের সংরক্ষণ ও আধুনিকীকরণ কর্মসূচির জাতীয় কর্মশালা অনুষ্ঠিত



অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জনাব মোঃ হাসানুজ্জামান কল্লোল, অতিরিক্ত সচিব (সম্প্রসারণ), কৃষি মন্ত্রণালয়

কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের আওতাধীন অত্র দপ্তরের কন্ট্রোল রুমসমূহের সংরক্ষণ ও আধুনিকীকরণের মাধ্যমে রিপোর্টিং ও মনিটরিং কার্যক্রম ডিজিটলাইজেশন কর্মসূচি বিষয়ক জাতীয় কর্মশালা ৩১ মার্চ ২০২২ রাজধানীর ফার্মগেটস্থ আ.ক.মু. গিয়াস উদ্দিন মিলকী অডিটোরিয়ামে অনুষ্ঠিত হয়। উক্ত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কৃষি মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব (সম্প্রসারণ) জনাব মোঃ হাসানুজ্জামান কল্লোল। অনুষ্ঠানে স্বাগত বক্তব্য প্রদান করেন কর্মসূচি পরিচালক সোহেলী পারভীন।

এ কর্মসূচির মাধ্যমে কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের প্রধান কার্যালয়সহ ১৪টি অঞ্চলে কন্ট্রোল রুম সংস্কার ও আধুনিকীকরণ ডিজিটলাইজেশনকরণের মাধ্যমে রিপোর্ট ও মনিটরিং কার্যক্রম জোরদারকরণ, নির্ভরযোগ্য ডাটা সংগ্রহ এবং আধুনিক ও ডিজিটাল পদ্ধতির মাধ্যমে ৩টি ক্রপস সিজনের ফসলের আবাদ ও উৎপাদন লক্ষ্যমাত্রা অর্জনে সহায়তা করবে। কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের মহাপরিচালক মোঃ বেনজীর আলম উক্ত কর্মসূচিতে সভাপতিত্ব করেন।

কৃষিবিদ সোহেলী পারভীন, কর্মসূচি পরিচালক, ডিএই

পুষ্টি কর্নার : তরমুজ

তরমুজ একটি অত্যন্ত সুস্বাদু ও পুষ্টিকর ফল। এতে প্রচুর পরিমাণে ক্যালসিয়াম, লৌহ ও ভিটামিন 'এ' বিদ্যমান। খাদ্যোপযোগি প্রতি ১০০ গ্রাম তরমুজ এ জলীয় অংশ ৯৫.৮ গ্রাম, খনিজ পদার্থ ০.৩ গ্রাম, হজমযোগ্য আঁশ ০.২ গ্রাম, খাদ্যশক্তি ১৬ কিলোক্যালরি, আমিষ ০.২ গ্রাম, চর্বি ০.২ গ্রাম, শর্করা ৩.৩ গ্রাম, ক্যালসিয়াম ১১ মিলিগ্রাম, লৌহ ৭.৯ মিলিগ্রাম, ভিটামিন বি২ ০.০৪ মিলিগ্রাম ও ভিটামিন 'সি' ১ মিলিগ্রাম পুষ্টি উপাদান রয়েছে। তরমুজে রয়েছে প্রচুর পরিমাণে সাইট্রলিন (অ্যামাইনো এসিড)। তরমুজ উচ্চ রক্তচাপ প্রশমক ও রক্তের অতিরিক্ত জমাটবদ্ধতা প্রতিরোধক। দেশে সবচেয়ে জনপ্রিয় জাত হলো সুগার বেবি। সারা দেশে তরমুজের চাষ হলো চট্টগ্রাম, পার্বত্য চট্টগ্রাম, পাবনা, যশোর, দিনাজপুর, বগুড়া, রাজশাহী, নাটোর, নোয়াখালী, পটুয়াখালী, বরগুনা, ভোলা, ঠাকুরগাঁও, পঞ্চগড়, ফরিদপুর ও বরিশালসহ চরাঞ্চলে প্রচুর পরিমাণে তরমুজের চাষ করা হয়।



সংকলন- কৃষিবিদ মোহাম্মদ মারুফ, কৃতসা, ঢাকা

বগুড়ার নন্দীগ্রাম উপজেলায় কৃষকদের জন্য চালু হলো ফারমার্স আইটি স্কুল

কৃষির টেকসই উন্নয়নের জন্য সরকারি প্রতিষ্ঠানগুলোতে অনেক তথ্যপ্রযুক্তি রয়েছে। এসব তথ্য প্রযুক্তি কৃষকের ব্যবহার উপযোগী ও সহজবোধ্য করে দ্রুততার সাথে চাষিদেরকে পৌঁছে দিতে পারলে উৎপাদন বৃদ্ধির পাশাপাশি কৃষকের আর্থসামাজিক ও অর্থনৈতিক অবস্থার ব্যাপক উন্নতি হবে। জীবনযাত্রার মান বাড়বে। কৃষি লাভজনক ও ঝুঁকিমুক্ত হবে। তরুণ উদ্যোক্তারা

জেলা প্রশাসক মো. জিয়াউল হক। এ সময় আরো উপস্থিত ছিলেন নন্দীগ্রাম উপজেলার উপজেলা চেয়ারম্যান রেজাউল আশরাফ, নন্দীগ্রাম উপজেলার উপজেলা নির্বাহী অফিসার শিফা নুশরাত, উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান শ্রাবণী আক্তার, উপজেলা কৃষি কর্মকর্তা কৃষিবিদ মো.আদনান বাবু, সহকারি কমিশনার ভূমি কর্মকর্তা মো. রায়হানুল ইসলাম, উপজেলা



তৈরি হবে। কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের অধীনে প্রতিটি উপজেলায় কৃষি কর্মী আছেন। কৃষি কর্মীর মাধ্যমে সারাদেশের কৃষি পরিবারে মাঝে আধুনিক পরিবারে মাঝে আধুনিক প্রযুক্তি পৌঁছে দিতে পারবে। কৃষিতে ই-কৃষি গুরুত্বপূর্ণ ভূমিকা রাখতে পারে। নন্দীগ্রাম উপজেলা কৃষি অফিসারের উদ্যোগে চালু হয়েছে ফারমার্স আইটি স্কুল যা প্রশংসার দাবিদার। কৃষি সেবা কার্যক্রমকে আরো সহজীকরণ করেছে এই স্কুল। ১৪ মার্চ ২০২২ উপজেলা কৃষি অফিসে কৃষকদের জন্য ফারমার্স আইটি স্কুল শুভ উদ্বোধনের সময় এসব কথা জানান বগুড়া জেলার

প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা (পিআইও) মো. আবু তাহের, কৃষি সম্প্রসারণ অফিসার অর্পূর্ব ভট্টাচার্য প্রমুখ। উল্লেখ্য, ফারমার্স আইটি স্কুল প্রতি মাসের ১ম কর্মদিবসে তত্ত্বীয় এবং ব্যবহারিক সেশনের মাধ্যমে স্কুলটি পরিচালনা করা হয়। নির্ধারিত দিনে সকাল ১০টা থেকে দুপুর ১টা পর্যন্ত এই স্কুলে কৃষিভিত্তিক আইটি প্রযুক্তির ওপর সেশন পরিচালনা করা হয়। নির্ধারিত দিনে সকাল ১০টা থেকে দুপুর ১টা পর্যন্ত এই স্কুলে কৃষিভিত্তিক আইটি প্রযুক্তির ওপর সেশন পরিচালনা করা হয়। কৃষকসহ যেকোন কৃষি অনুরাগী ব্যক্তি এই সেবা গ্রহণ করতে পারেন।

মো. এমদাদুল হক, কৃতসা, রাজশাহী



কৃষি পণ্য বেচাকেনায় সরকারি অ্যাপ 'সদাই' ডাউনলোড করা যাবে গুগল প্লে স্টোর থেকে।



২১ মার্চ ২০২২ বিকালে গোপালগঞ্জের টুঙ্গিপাড়ায় জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ১০২তম জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস উপলক্ষে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের সমাধিসৌধে শ্রদ্ধা নিবেদন করেন মাননীয় কৃষিমন্ত্রী ড. মোঃ আব্দুর রাজ্জাক এমপি। এ সময় সাবেক কৃষিমন্ত্রী বেগম মতিয়া চৌধুরী ও বাংলাদেশ কৃষকলীগের কেন্দ্রীয় নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন।

প্রেস বিজ্ঞপ্তি, কৃষি মন্ত্রণালয়



বাংলাদেশ পরিকল্পনা কমিশনের সাধারণ অর্থনীতি বিভাগ কর্তৃক প্রণীত রূপকল্প ২০৪১ বাস্তবে রূপায়ন: বাংলাদেশ প্রেক্ষিত পরিকল্পনা ২০২১-৪১ শীর্ষক দীর্ঘমেয়াদি পরিকল্পনা অবহিতকরণের লক্ষ্যে ৬ এপ্রিল ২০২২ নাজিয়া সালমা সম্মেলন কক্ষে প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়। প্রশিক্ষণে রূপকল্প ২০৪১ এর বাস্তবায়ন: বাংলাদেশ দ্বিতীয় প্রেক্ষিত পরিকল্পনা (২০২১-২০৪১) উপস্থাপনা করেন উক্ত অনুষ্ঠানের সভাপতি সাধারণ অর্থনীতি বিভাগের প্রধান (অতিরিক্ত সচিব) খান মোঃ নূরুল আমীন (এনডিসি)। উপপ্রধান জাহানারা রহমান এর সম্বলনায় স্বাগত বক্তব্য রাখেন যুগ্ম প্রধান ও প্রকল্প পরিচালক জনাব বজলুর রশীদ। অনুষ্ঠানে সরকারি পর্যায়ে বিভিন্ন প্রতিষ্ঠানের কর্মকর্তা প্রশিক্ষণার্থী হিসেবে উপস্থিত ছিলেন। প্রশিক্ষণের মূল উদ্দেশ্য ছিল মননশীলতা পরিবর্তন করা।

জাহানারা রহমান, উপপ্রধান, সাধারণ অর্থনীতি বিভাগ



২৬ মার্চ ২০২২ মহান স্বাধীনতা দিবসে জাতীয় স্মৃতিসৌধে শ্রদ্ধা নিবেদন করেন কৃষি তথ্য সার্ভিসের সম্মানিত পরিচালক মোঃ শাহজাহান আলী বিশ্বাস ও অন্য কর্মকর্তা-কর্মচারীবৃন্দ।

মো. মনজুরুল ইসলাম মিন্টু, কৃতসা, ঢাকা

নির্বিঘ্নে বোরো ধানের উৎপাদন বৃদ্ধির বিষয়ে ডিএই মহাপরিচালকের মতবিনিময় সভা



মতবিনিময় সভায় প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখছেন কৃষিবিদ মোঃ বেনজীর আলম, মহাপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর

কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের মহাপরিচালক কৃষিবিদ মোঃ বেনজীর আলম ২৫ মার্চ ২০২২ দুপুরে ডিএই ফরিদপুর অঞ্চলের কর্মকর্তাদের সাথে নির্বিঘ্নে বোরো ধানের উৎপাদন বৃদ্ধিসহ বিভিন্ন কৃষি কার্যক্রমের অগ্রগতি বিষয়ে এক মতবিনিময় সভায় প্রধান অতিথি হিসেবে অংশ নেন। এ সময়ে তিনি বলেন, সরকারের সঠিক কৃষি নীতির কারণে দানাজাতীয় খাদ্যে স্বয়ংসম্পূর্ণতা অর্জন সম্ভব হয়েছে। আবাদি জমির পরিমাণ দিনদিন কমছে। আমাদের এ কষ্টার্জিত অর্জনকে ধরে রাখতে উৎপাদন বাড়ানোর বিকল্প নেই। ফলন বাড়তে আগামী বছর গুলোতে গবেষণায় উদ্ভাবিত নতুন নতুন জাত ও প্রযুক্তির প্রয়োগ বাড়তে হবে।

মহাপরিচালক আরও বলেন, বিশ্ববাজারে সারের মূল্য ৪ থেকে ৫ গুণবৃদ্ধি পাওয়ায় সরকারের কৃষিতে ভর্তুকীর পরিমাণ বেড়েছে। এ জন্য সঠিক পরিমাণে

সারের ব্যবহার নিশ্চিত করতে হবে। তিনি কৃষক পর্যায়ে অতিরিক্ত সার ব্যবহারে নিরুৎসাহিত ও কৃষি প্রণোদনার কার্যক্রম সঠিকভাবে বাস্তবায়ন করতে মাঠ পর্যায়ের কৃষি কর্মকর্তাদের প্রতিনির্দেশনা প্রদান করেন। ডিএই ফরিদপুর অঞ্চলের অতিরিক্ত পরিচালক কৃষিবিদ স্বপন কুমার খাঁ এর সভাপতিত্বে মতবিনিময় সভায় বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউটের মহাপরিচালক ড. মোঃ শাহজাহান কবীর, ফরিদপুর অঞ্চলের রাজবাড়ী, মাদারীপুর, শরীয়তপুর, গোপালগঞ্জ ও ফরিদপুর জেলার উপপরিচালক, হটকালচার সেন্টারসমূহের উপপরিচালক, আঞ্চলিক বেতার কৃষি অফিসার কৃষিবিদ শারমিনা শামিম ও জেলা উপজেলা পর্যায়ের কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন। কৃষি সম্প্রসারণ অধিদপ্তর ফরিদপুর অঞ্চল এ মতবিনিময় সভার আয়োজন করে।

মোঃ আবদুর রহমান, কৃতসা, খুলনা

ঝালকাঠি সদরে মৃত্তিকা বিষয়ক কৃষক প্রশিক্ষণ

ঝালকাঠি সদরে মৃত্তিকা নমুনা সংগ্রহ, সুষম সার ব্যবহার ও ভেজাল সার সনাক্তকরণ বিষয়ক কৃষক প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়েছে। ১৫ মার্চ ২০২২ উপজেলার বিনয়কাঠি ইউনিয়ন পরিষদ কমপ্লেক্স মৃত্তিকা সম্পদ উন্নয়ন ইনস্টিটিউটের (এসআর-ডিআই) উদ্যোগে এই প্রশিক্ষণের আয়োজন করা হয়। এ উপলক্ষে এক আলোচনা সভায় প্রধান অতিথি ছিলেন আয়োজক প্রতিষ্ঠানের মুখ্য

বৈজ্ঞানিক কর্মকর্তা মো. ছাব্বির হোসেন। প্রধান অতিথি বলেন, কৃষি হচ্ছে সর্বোত্তম পেশা। তাই কৃষিকে লাভজনক করতে আধুনিক পদ্ধতি অনুসরণ করা দরকার। এর অংশ হিসেবে মাটি ব্যবস্থাপনা খুবই গুরুত্বপূর্ণ। অতি মাত্রায় সার প্রয়োগ করলে রোগ-পোকার তীব্রতা বাড়ে। সে জন্য জমিতে সুষমভাবে সার প্রয়োগ জরুরি। আর তা করার আগে

এরপর পৃষ্ঠা ৭ কলাম ১



১৭ মার্চ ২০২২ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর ১০২তম জন্মদিন উপলক্ষ্যে কৃষি তথ্য সার্ভিসে জাতির পিতার প্রতিকৃতিতে শ্রদ্ধার্ঘ্য নিবেদন ও কেক কেটে দিনটি যথাযথ্যে মর্যাদায় উদ্‌যাপন করেন কৃষি মন্ত্রণালয়ের সম্মানিত সচিব মোঃ সায়েদুল ইসলাম ও অন্যান্য কর্মকর্তা-কর্মচারী।
মো. মনজুরুল ইসলাম মিন্টু, কৃতসা, ঢাকা



আধুনিক প্রযুক্তি সম্প্রসারণের মাধ্যমে রাজশাহী বিভাগের কৃষি উন্নয়ন প্রজেক্টের অর্থায়নে গত ২০-২২ মার্চ ২০২২, ৩ দিনব্যাপী কৃষি প্রযুক্তি মেলা রাজশাহী চারঘাট উপজেলায় চতুর প্রাঙ্গণে অনুষ্ঠিত হয়। মেলার শুভ উদ্বোধন করেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের পররাষ্ট্র মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী আলহাজ মো. শাহরিয়ার আলম, এমপি। উপজেলা নির্বাহী অফিসার সৈয়দা সামিরার সভাপতিত্বে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চারঘাট উপজেলার পরিষদের চেয়ারম্যান আলহাজ মো. ফকরুল ইসলাম, চারঘাট পৌরসভার মেয়র মো. একরামুল হক, উপজেলা কৃষি অফিসার কৃষিবিদ লুৎফুন নাহারসহ অন্য অতিথিগণ।

মো. এমদাদুল হক, কৃতসা, রাজশাহী

ব্রাহ্মণবাড়িয়ার সীনাই খাল পুনঃখনন কাজের শুভ

শেষ পাতার পর

আমরা এগিয়ে যাচ্ছি সমৃদ্ধির পথে। প্রোকৌশলী মোহাম্মদ মিজানুর কৃষি কার্যক্রম আধুনিক প্রক্রিয়ায় রহমান, তত্ত্বাবধায়ক প্রকৌশল, অব্যাহত রাখার মাধ্যমে এ উন্নয়ন বিএডিসি, কুমিল্লা সার্কেল ও প্রকল্প ধারা অক্ষুণ্ন রাখা সম্ভব। অনুষ্ঠানে পরিচালক, কুমিল্লা-চাঁদপুর-ব্রাহ্মণবাড়িয়া মোঃ শাহগীর আলম, জেলা প্রশাসক, জেলা সেচ এলাকা উন্নয়ন প্রকল্প, ব্রাহ্মণবাড়িয়া এর সভাপতিত্বে বিশেষ বিএডিসি তার স্বাগত বক্তব্যে ও অতিথির বক্তব্য রাখেন- মোঃ সায়েদুল ইসলাম, প্রকল্পের কার্যক্রমসমূহ উল্লেখ সচিব, কৃষি মন্ত্রণালয়, এ এফ এম করেন। অনুষ্ঠানে আরও উপস্থিত হায়াতুল্লাহ, চেয়ারম্যান (গ্রেড-১) ছিলেন প্রিন্ট ও ইলেকট্রনিক মিয়ার বিএডিসি। সাংবাদিক এবং এলাকার গণ্যমান্য ব্যক্তি।

মো: মহসিন মিজি, কৃতসা, কুমিল্লা

শীঘ্রই দ্রব্যমূল্যের দাম সহনীয় পর্যায়ে আসবে

প্রথম পাতার পর

মানুষের কষ্ট লাঘব করতে সরকার নিরলস চেষ্টা করছে। প্রধানমন্ত্রী শেখ হাসিনা মানুষকে ভালবাসেন ও সবসময় মানুষের মাঝে থাকতে চান। সেজন্যই নিম্ন আয়ের খেটে খাওয়া গরিব মানুষের কষ্ট লাঘব করার জন্য ভর্তুকিতে কম মূল্যে দেশের এক কোটি পরিবারকে নিত্যপণ্য দেয়ার ব্যবস্থা করেছেন। এতে দরিদ্র মানুষেরা উপকৃত হবেন ও তাদের কষ্ট অনেকটা লাঘব হবে।

২০ মার্চ ২০২২ সকালে টাঙ্গাইলের মধুপুরে মালাউড়ী সরকারি প্রাথমিক বিদ্যালয়ে টিসিবির ফ্যামিলি কার্ড বিতরণ উদ্বোধন অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে মাননীয় কৃষিমন্ত্রী এসব কথা বলেন। মধুপুর পৌরসভা এ অনুষ্ঠানের আয়োজন করে।

বর্তমান সরকার সবসময়ই জনগণের দুঃখ-কষ্টে পাশে থাকবে উল্লেখ করে মাননীয় কৃষিমন্ত্রী বলেন দেশে খাদ্য নিয়ে কোন হাহাকার হবে না, কোন

সংকট হবে না। সরকার এ ব্যাপারে খুবই সচেতন। প্রয়োজনে আরও খাদ্য ও সহায়তা নিয়ে আমরা জনগণের পাশে দাঁড়াব। করোনা ও যুদ্ধের কারণে সাময়িকভাবে এ দাম বৃদ্ধি পেয়েছে। রমজান মাসে ঈদের আগে আমরা ভিজিএফ দিবো, ১০ টাকা কেজিতে চাল বিতরণ করব। পর্যায়ক্রমে ছোলা, ডাল, পেঁয়াজ, খেজুরসহ বিভিন্ন পণ্য দেয়া হবে। এ ছাড়া, এপ্রিলের মাঝামাঝিতে নতুন ফসল আসবে। সব মিলিয়ে আমরা দাম নিয়ন্ত্রণ করতে পারবো ও খুব শীঘ্রই নিত্যপ্রয়োজনীয় পণ্যের দাম সহনীয় পর্যায়ে আসবে বলে আশা করি।

অনুষ্ঠানে উপজেলা চেয়ারম্যান ছরোয়ার আলম খান আবু, উপজেলা নির্বাহী অফিসার শামীমা ইয়াসমিন, পৌরসভার মেয়র মো: সিদ্দিক হোসেন খান ও উপজেলা আওয়ামী লীগের নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন।
প্রেস বিজ্ঞপ্তি, কৃষি মন্ত্রণালয়

ইরাকের সাথে সমঝোতা স্মারক সই হবে

শেষ পাতার পর

আমরা আলু রপ্তানি করতে পারবো। পরে মাননীয় কৃষিমন্ত্রীর সাথে মার্কিন যুক্তরাষ্ট্রের ঢাকা দূতাবাসের এগ্রিকালচারাল অ্যাটাশে মেগান ফ্রান্সিসের নেতৃত্বে যুক্তরাষ্ট্রের কৃষি বিভাগের (USDA) একটি

প্রতিনিধিদল বৈঠক করে। এ সময় কোল্ডস্টোরেজ নির্মাণে বাংলাদেশকে মার্কিন কৃষি বিভাগ কারিগরি ও আর্থিক সহায়তা প্রদান করবে বলে প্রতিনিধিদল জানায়। এ ছাড়া তারা বাংলাদেশে কৃষিপণ্য পরিবহন ও কোল্ড চেইনের জন্য রেফ্রিজারেটেড ভেহিকল প্রদান করবে বলেও জানান হয়। এসময় মাননীয় কৃষিমন্ত্রী বলেন, বর্তমান সরকার কৃষিপণ্যের রপ্তানি বাড়াতে ও ভ্যালু অ্যাড করতে বদ্ধপরিকর। আমরা সেই লক্ষ্যে নানান উদ্যোগ গ্রহণ করেছি।

কনসালটেন্টকে নিয়োগ করা হয়েছে। এই প্যাকিং হাউজ নির্মাণ ও অ্যাগ্রেডিটেড ল্যাব স্থাপনে মার্কিন কৃষি বিভাগ আমাদেরকে সহযোগিতা করতে পারে।

কোল্ড স্টোরেজ নির্মাণে বাংলাদেশকে মার্কিন কৃষি বিভাগ কারিগরি ও আর্থিক সহায়তা প্রদান করবে

উল্লেখ্য, মার্কিন কৃষি বিভাগ ২৭ মিলিয়ন ডলারের 'বাংলাদেশ ড্রেড ফ্যাসিলিটেশন প্রজেক্ট' বাস্তবায়ন করছে। ২০২১-২৫ মেয়াদে চার বছরব্যাপী এ প্রকল্প মূলত বাংলাদেশের কৃষিপণ্যের গুণগতমান ও রপ্তানি বৃদ্ধিতে কাজ করবে।

প্রেস বিজ্ঞপ্তি, কৃষি মন্ত্রণালয়



২৯ মার্চ ২০২২ মঙ্গলবার সচিবালয়ে কৃষি মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষে বার্ষিক উন্নয়ন কর্মসূচির (এডিপি) বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সভায় কৃষি সচিব মো: সায়েদুল ইসলাম ও মন্ত্রণালয়ের উর্ধ্বতন কর্মকর্তা, সংস্থাপ্রধান ও প্রকল্প পরিচালকবৃন্দ উপস্থিত ছিলেন। সভায় জানানো হয়, চলমান ২০২১-২২ অর্থবছরে কৃষি মন্ত্রণালয়ের বাস্তবায়নাধীন প্রকল্পের সংখ্যা ৭৭টি। ফেব্রুয়ারি ২০২২ পর্যন্ত বাস্তবায়ন অগ্রগতি হয়েছে ৪০%, যা জাতীয় গড় অগ্রগতির চেয়ে ৫% বেশি। প্রেস বিজ্ঞপ্তি, কৃষি মন্ত্রণালয়



কুমিল্লায় উপসহকারী কৃষি কর্মকর্তাদের প্রশিক্ষণ অনুষ্ঠিত

অনাবাদি পতিত জমি ও বসতবাড়ির আঙ্গিনায় পারিবারিক পুষ্টি বাগান স্থাপন প্রকল্প এর আর্থিক সহযোগিতায়, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, কুমিল্লা অঞ্চল, কুমিল্লা এর আয়োজনে, বিনা উপকেন্দ্র, কুমিল্লা এর কনফারেন্স রুমে ৩০-৩১ মার্চ ২০২২, ০২ দিনব্যাপী Capacity Building in Agricultural Extension Activities" শীর্ষক প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়। প্রশিক্ষণের উদ্বোধনী দিনে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে প্রশিক্ষণ প্রদান করেন-কৃষিবিদ মোঃ মিজানুর রহমান, উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, কুমিল্লা। সভাপতি হিসেবে উপস্থিত থেকে প্রশিক্ষণ প্রদান করেন। কৃষিবিদ মোহাম্মদ আরিফুর

রহমান, সিনিয়র মনিটরিং অ্যান্ড ইভ্যালুয়েশন অফিসার, অনাবাদি পতিত জমি ও বসতবাড়ির আঙ্গিনায় পারিবারিক পুষ্টি বাগান স্থাপন প্রকল্প, খামারবাড়ি, ঢাকা।
উল্লেখ্য প্রশিক্ষণের মূল উদ্দেশ্য উপসহকারী কৃষি অফিসারদের প্রশিক্ষণের মধ্য দিয়ে আধুনিক কৃষি প্রযুক্তি সম্পর্কে অবহিত করে দেশে খাদ্য ও পুষ্টি নিরাপত্তা অর্জনের জন্য কৃষকদের উৎসাহিত করে বসতবাড়ির আঙ্গিনায় পারিবারিক পুষ্টি বাগান বাস্তবায়ন।
সভায় বিষয়ভিত্তিক প্রশিক্ষক হিসেবে কৃষি মন্ত্রণালয়ের দপ্তর সংস্থার কর্মকর্তাবৃন্দ ও উপসহকারী বৃন্দ উপস্থিত ছিলেন।
মো: মহসিন মিজি, কৃতসা, কুমিল্লা



বারি হাইব্রিড বেগুন-৪ এর মাঠ দিবস

সিলেট সদর উপজেলার কান্দিরগাঁও ইউনিয়নের পশ্চিম দর্শা ঈদগাহ মাঠে বিএডিসি (বীজ বিপণন) সিলেট অঞ্চলের আয়োজনে বারি হাইব্রিড বেগুন-৪ এর মাঠ পরিদর্শন, মাঠ দিবস ও কৃষক সমাবেশ ২৩ ফেব্রুয়ারি ২০২২ অনুষ্ঠিত হয়।

কৃষিবিদ জনাব প্রদীপ চন্দ্র দে, মহাব্যবস্থাপক (বীজ), বিএডিসি, ঢাকার সভাপতিত্বে এবং কৃষিবিদ জনাব সুপ্রিয় পাল, উপপরিচালক (বীজ বিপণন), বিএডিসি, সিলেট এর পরিচালনায় প্রধান অতিথি ছিলেন কৃষিবিদ জনাব মো.

মোস্তাফিজুর রহমান, সদস্য পরিচালক (বীজ ও উদ্যান), বিএডিসি, ঢাকা। এ ছাড়া কৃষি মন্ত্রণালয়ের আওতাধীন বিভিন্ন দপ্তর ও সংস্থাসমূহের কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন।

অনুষ্ঠানে স্থানীয় কৃষক, বিএডিসির নিবন্ধিত বীজ ডিলার ও বিভিন্ন দপ্তরের কর্মকর্তাগণ বক্তব্য রাখেন। বক্তব্যে কৃষক, বিএডিসির নিবন্ধিত বীজ ডিলার ও কর্মকর্তাগণ বারি হাইব্রিড বেগুন-৪ এর উৎপাদনে সন্তোষ প্রকাশ করেন।

আ.ন.ম বোরহান উদ্দিন ভূঞা, কৃতসা, সিলেট

পেঁয়াজের সংগ্রহের ক্ষতি কমিয়ে আমদানি

শেষ পাতার পর

সাবিহা পারভীন, ডিএই ফরিদপুরের জেলা প্রশিক্ষণ অফিসার কৃষিবিদ এ কে এম হাসিবুল হাসান, বিএআরআই এর মসলাজাতীয় ফসলের গবেষণা জোরদারকরণ প্রকল্প পরিচালক ড. শৈলেন্দ্র নাথ মজুমদার, আঞ্চলিক বেতার কৃষি অফিসার কৃষিবিদ শারমিনা শামিম, প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়ার সাংবাদিকবৃন্দসহ শতাধিক

কৃষক/ কৃষাণী প্রমুখ।

উল্লেখ্য স্বাধীনতার সময়ে ১ কোটি ১০ লাখ মে. টন খাদ্য উৎপাদন করা হতো, বর্তমানে ৪গুণ বেশি খাদ্য উৎপাদন হচ্ছে। দেশে পেঁয়াজের চাহিদা ৩৫ লাখ মে.টন।

কৃষিবিদ শারমিনা শামিম, কৃতসা, খুলনা



নওগাঁর ধামইরহাটে কৃষি প্রযুক্তি মেলা উদ্বোধন



আধুনিক প্রযুক্তি সম্প্রসারণের মাধ্যমে রাজশাহী বিভাগ কৃষি উন্নয়ন প্রকল্পের আওতায় নওগাঁর ধামইরহাট উপজেলা কৃষি অফিসের আয়োজনে ২৮ মার্চ ২০২২ তারিখে উপজেলা পরিষদ স্মৃতিসৌধ চত্বরে কৃষি প্রযুক্তি মেলা ২০২২ এর উদ্বোধনী অনুষ্ঠিত হয়।

ধামইরহাট উপজেলা নির্বাহী অফিসার জনাব গণপতি রায় এর সভাপতিত্বে অনুষ্ঠিত আলোচনা সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটির মাননীয় সভাপতি ও ৪৭ নওগাঁ-২ (ধামইরহাট-পত্নীতলা) আসনের সাংসদ জনাব আলহাজ্ব মো: শহীদুল্লাহমান সরকার এমপি। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ধামইরহাট উপজেলা পরিষদের চেয়ারম্যান জনাব মো: আজাহার আলী, উপজেলা পরিষদের সাবেক চেয়ারম্যান ও উপজেলা আওয়ামী লীগের সভাপতি জনাব মো: দেলদার হোসেন এবং

উপজেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক মো: শহীদুল ইসলাম।

প্রধান অতিথি তাঁর বক্তব্যে বলেন, কৃষির উন্নয়নের মাধ্যমে এদেশের জনগণের ভাগ্য উন্নয়ন ছিল জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের আজীবন স্বপ্ন। কৃষি বিপ্লবের রূপকার বর্তমান কৃষি বান্ধব সরকার কৃষিকে কর্মসংস্থানের বড় খাত হিসেবে চিহ্নিত করে বিভিন্নভাবে ভর্তুকি দিয়ে কৃষি প্রযুক্তি প্রবর্তনে কার্যকর পদক্ষেপ গ্রহণ করেছেন। কৃষিতে আধুনিকায়নে কৃষি যন্ত্রপাতি এখন ভর্তুকি দিয়ে কৃষক সংগঠনের মাধ্যমে কৃষকের নিকট হস্তান্তর করা হচ্ছে। যার মাধ্যমে কৃষক তার ফসল উৎপাদনের ক্ষেত্রে উৎপাদন ব্যয় কমানো সম্ভব হয়েছে। তিনি মেলায় আগত কৃষকদের লক্ষ্য করে বলেন মেলায় প্রদর্শিত প্রযুক্তির প্রদর্শন করা হয়েছে সে সম্পর্কে সঠিক ধারণা গ্রহণ এবং তা মাঠ পর্যায়ে বাস্তবায়নের মাধ্যমে কৃষি ক্ষেত্রে আরো উন্নয়নের আহবান জানান।

মো: দেলদার হোসেন, কৃতসা, রাজশাহী

বালকাঠি সদরে মৃত্তিকা বিষয়ক কৃষক প্রশিক্ষণ

চতুর্থ পাতার পর

মাটি পরীক্ষা করে নিতে হবে। এর মাধ্যমে মাটির গুণাগুণ বজায় থাকে। তাই ফসলের উৎপাদন আশানুরূপ হয়। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের উপপরিচালক মো. মনিরুল ইসলাম। বিশেষ অতিথি ছিলেন আঞ্চলিক কৃষি তথ্য অফিসার মো. শাহাদাত হোসেন। অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন এসআরডিআই'র উর্ধ্বতন বৈজ্ঞানিক

কর্মকর্তা আশিক এলাহি, এসএসও কাজী মো. আমিনুল ইসলাম, বিনয়কাঠি ইউনিয়নের চেয়ারম্যান এজেডএম মঈন উদ্দিন পলাশ প্রমুখ। মৃত্তিকা গবেষণাগার ও গবেষণা সুবিধা জোড়দারকরণ প্রকল্পের আওতাধীন ৪৫ জন কৃষক-কৃষি উদ্যোক্তা, সার ব্যবসায়ী ও মাঠ কর্মকর্তা প্রশিক্ষণে অংশগ্রহণ করেন।

নাহিদ বিন রফিক, কৃতসা, বরিশাল

পেঁয়াজের সংগ্রহোত্তর ক্ষতি কমিয়ে আমদানি

শেষ পাতার পর

মতবিনিময় সভায় বিশেষ অতিথির বক্তব্য দেন, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর এর মহাপরিচালক কৃষিবিদ মোঃ বেনজির আলম, বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউটের মহাপরিচালক কৃষিবিদ ড. মোঃ শাহজাহান কবীর, ডিএই ফরিদপুর উপপরিচালক কৃষিবিদ ড. মোঃ হযরত আলী। এছাড়াও অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব সাবিহা পারভীন, ডিএই ফরিদপুরের জেলা প্রশিক্ষণ অফিসার কৃষিবিদ এ কে এম হাসিবুল হাসান, বিএআরআই এর মসলাজাতীয়

ফসলের গবেষণা জোরদারকরণ প্রকল্প পরিচালক ড. শৈলেন্দ্র নাথ মজুমদার, আঞ্চলিক বেতার কৃষি অফিসার কৃষিবিদ শারমিনা শামিম, প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়ার সাংবাদিকবৃন্দসহ শতাধিক কৃষক/কৃষাণী প্রমুখ।

উল্লেখ্য স্বাধীনতার সময়ে ১ কোটি ১০ লাখ মে. টন খাদ্য উৎপাদন করা হতো, বর্তমানে ৪গুণ বেশি খাদ্য উৎপাদন হচ্ছে। দেশে পেঁয়াজের চাহিদা ৩৫ লাখ মে.টন।

কৃষিবিদ শারমিনা শামিম, কৃতসা, খুলনা

পেঁয়াজবীজ ও পেঁয়াজে স্বয়ংসম্পূর্ণ হতে কাজ

প্রথম পাতার পর

কাজ করে যাচ্ছি। এক বছরে আমরা সাত লক্ষ টন পেঁয়াজ উৎপাদন বাড়িয়েছি। গ্রীষ্মকালীন পেঁয়াজের চাষও সম্প্রসারণ করা হচ্ছে। আশা করছি, শীঘ্রই আমরা পেঁয়াজবীজ ও পেঁয়াজ উৎপাদনে স্বয়ংসম্পূর্ণ হতে পারব। এ লক্ষ্যে আমরা কাজ করে যাচ্ছি। এক বছরে আমরা সাত লক্ষ টন পেঁয়াজ উৎপাদন বাড়িয়েছি। গ্রীষ্মকালীন পেঁয়াজের চাষও সম্প্রসারণ করা হচ্ছে। আশা করছি, শীঘ্রই আমরা পেঁয়াজবীজ ও পেঁয়াজ উৎপাদনে স্বয়ংসম্পূর্ণ হতে পারব।

০৭ এপ্রিল ২০২২ বৃহস্পতিবার সকালে ফরিদপুরের সদর উপজেলার গোবিন্দগঞ্জে শাহিদা বেগমের পেঁয়াজ বীজ উৎপাদন খামার পরিদর্শন কালে মাননীয় কৃষিমন্ত্রী এসব কথা বলেন।

পেঁয়াজবীজ চাষীদের জন্য ঋণের ও প্রাকৃতিক দুর্যোগে ক্ষতিগ্রস্ত চাষীদের জন্য প্রণোদনার ব্যবস্থা করা হবে বলে এ সময় জানান মাননীয় কৃষিমন্ত্রী।

কৃষকদেরকে ক্ষতির হাত থেকে বাঁচাতে হবে উল্লেখ করে মন্ত্রী বলেন, কৃষকেরা এত ঝুঁকি নিয়ে, পরিশ্রম করে পেঁয়াজ চাষ করে, তাদের স্বার্থকে দেখতে হবে। আমরা প্রতিদিন বাজার মনিটরিং করছি, পেঁয়াজের দাম বেশি কমে গেলে আমদানি বন্ধ করে দাম বাড়ানোর উদ্যোগ গ্রহণ

করা হবে।

দেশের আবহাওয়া পেঁয়াজ চাষের জন্য খুবই উপযোগী উল্লেখ করে মাননীয় কৃষিমন্ত্রী বলেন, পেঁয়াজ খুবই পচনশীল। দেশে পেঁয়াজ উৎপাদন ও সংরক্ষণের বিভিন্ন চ্যালেঞ্জ থাকায় গ্রীষ্মকালীন পেঁয়াজের চাষ সম্প্রসারণ ও পেঁয়াজ সংরক্ষণে গুরুত্ব দেয়া হচ্ছে। পরিদর্শনকালে কৃষিসচিব মোঃ সায়েদুল ইসলাম,

পেঁয়াজবীজ চাষীদের জন্য ঋণের ও প্রাকৃতিক দুর্যোগে ক্ষতিগ্রস্ত চাষীদের জন্য প্রণোদনার ব্যবস্থা করা হবে

কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের মহাপরিচালক মোঃ বেনজির আলম, বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউটের (ব্রি)মহাপরিচালক মোঃ শাহজাহান কবীর, ফরিদপুরের জেলা প্রশাসক, পুলিশ সুপার, কৃষি সম্প্রসারণের উপপরিচালক হযরত আলী প্রমুখ উপস্থিত ছিলেন।

উল্লেখ্য, শাহিদা বেগম পেঁয়াজ বীজ চাষি হিসেবে পরিচিত। ইতোমধ্যে তিনি অনেকগুলো পুরস্কার পেয়েছেন। ২০২১ সালে পেঁয়াজবীজ বিক্রি করে ৭৫ লাখ টাকা মুনাফা করেছেন বলে জানান শাহিদা বেগম।

প্রেস বিজ্ঞপ্তি, কৃষি মন্ত্রণালয়

ব্রাহ্মণবাড়িয়ার সীনাই খাল পুনঃখনন কাজের শুভ উদ্বোধন করেন- আইনমন্ত্রী



সীনাই খাল পুনঃখনন কাজের শুভ উদ্বোধন করেছেন জনাব আনিসুল হক এমপি মাননীয় মন্ত্রী, আইন

কুমিল্লা-চাঁদপুর-ব্রাহ্মণবাড়িয়া জেলা সেচ এলাকা উন্নয়ন প্রকল্প, বিএডিসি, কুমিল্লা এর আয়োজনে, ব্রাহ্মণবাড়িয়া কসবা উপজেলার গোপীনাথপুর, বিনাউটি ০১ এপ্রিল ২০২২ তারিখে সীনাই খাল পুনঃখনন কাজের শুভ উদ্বোধন করেন, জনাব আনিসুল হক, এমপি, মাননীয় মন্ত্রী, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার। উদ্বোধনের সময় দোয়া ও মোনাজাত শেষে মাননীয় মন্ত্রী খাল

খনন কাজ ঘুরে দেখেন এবং প্রকল্পের কাজের ভূয়সী প্রশংসা করেন। মাননীয় মন্ত্রী বলেন জাতির পিতা বঙ্গবন্ধুর কন্যা মাননীয় প্রধানমন্ত্রীর সঠিক নেতৃত্বে বাংলাদেশ আজ উন্নয়নশীল দেশের চেয়েও এগিয়ে। এর পিছনে কৃষি উন্নয়নের ভূমিকা অপরিসীম। আমাদের দেশ দানাজাতীয় খাদ্যে স্বয়ংসম্পূর্ণ। বাংলাদেশের উৎপাদিত বিভিন্ন কৃষি পণ্য দেশের চাহিদা মিটিয়ে বিদেশে রপ্তানি হচ্ছে।

এরপর পৃষ্ঠা ৫ কলাম ১

ইরাকের সাথে সমঝোতা স্মারক সই হবে, কোল্ডস্টোরেজ নির্মাণে সহায়তা করবে মার্কিন কৃষি বিভাগ



সচিবালয়ে কৃষি খাতে পারস্পরিক সহযোগিতা বৃদ্ধির জন্য মাননীয় কৃষিমন্ত্রী ড. মোঃ আব্দুর রাজ্জাক এমপি ও ইরাক দূতাবাসের চার্জ দ্য অ্যাফেয়ার্স আব্দুসসালাম সাদাম মুহাইসেন এর

কৃষি খাতে পারস্পরিক সহযোগিতা বৃদ্ধির জন্য বাংলাদেশ ও ইরাকের মধ্যে সমঝোতা স্মারক (এমওইউ) সই হবে। সমঝোতা স্মারকের জন্য শীঘ্রই একটি খসড়া প্রণয়ন করা হবে। এ ছাড়া বাংলাদেশ থেকে আম, সবজি ও আলু নেয়ার আত্ম প্রকাশ করেছেন ঢাকায় ইরাক দূতাবাসের চার্জ দ্য অ্যাফেয়ার্স আব্দুসসালাম সাদাম মুহাইসেন (Abdussalam Saddam Mohaisen)। ১৬ মার্চ ২০২২ বুধবার সকালে সচিবালয়ে

মাননীয় কৃষিমন্ত্রী ড. মোঃ আব্দুর রাজ্জাক এমপির সাথে বৈঠকে চার্জ দ্য অ্যাফেয়ার্স আব্দুসসালাম সাদাম মুহাইসেন এ আত্মহের কথা জানান। এ ছাড়া তিনি বাংলাদেশের কৃষি উন্নয়ন সাফল্যের উচ্ছ্বাসিত প্রশংসা করেন। এ সময় কৃষি সচিব মোঃ সায়েদুল ইসলাম উপস্থিত ছিলেন। মাননীয় কৃষিমন্ত্রী বলেন, বর্তমানে বাংলাদেশের সাথে ইরাকের দ্বিপাক্ষীয় সম্পর্কে কীভাবে আরও

এরপর পৃষ্ঠা ৫ কলাম ৩

পেঁয়াজের সংগ্রহোত্তর ক্ষতি কমিয়ে আমদানি নির্ভরতা কমাতে হবে-সচিব, কৃষি মন্ত্রণালয়



সরেজমিন ফরিদপুরের অম্বিকাপুরে পেঁয়াজ ও পেঁয়াজ বীজ ক্ষেত পরিদর্শন করেন সম্মানিত সচিব মোঃ সায়েদুল ইসলাম, কৃষি মন্ত্রণালয়

কৃষি মন্ত্রণালয়ের সম্মানিত সচিব উৎপাদন মৌসুমে পেঁয়াজের মোঃ সায়েদুল ইসলাম বলেছেন, সংগ্রহোত্তর ক্ষতি কমিয়ে আমদানি

নির্ভরতা কমাতে হবে। কৃষিবান্ধব সরকারের মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা কৃষির বিষয়ে অত্যন্ত আন্তরিক। পেঁয়াজের উৎপাদন বৃদ্ধিতে তাঁর নির্দেশনার আলোকে কৃষি মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী ড. মোঃ আব্দুর রাজ্জাক এরই আলোকে গবেষণা, সম্প্রসারণ ও উৎপাদক সকলকে তিন বছরের রোডম্যাপ দিয়েছেন যাতে আমরা এ লক্ষ্যে পৌঁছাতে পারি। কৃষি সচিব ২৫ মার্চ ২০২২ সকালে ফরিদপুরের অম্বিকাপুরে পেঁয়াজ প্লেঞ্জরিজ উৎপাদনকারী কৃষকদের সাথে এক মতবিনিময় অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যকালে এসব কথা

বলেন। কৃষি সম্প্রসারণ অধিদপ্তর ফরিদপুর অঞ্চলের অতিরিক্ত পরিচালক কৃষিবিদ স্বপন কুমার খাঁ এতে সভাপতিত্ব করেন। মতবিনিময় সভায় বিশেষ অতিথির বক্তব্য দেন, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর এর মহাপরিচালক কৃষিবিদ মোঃ বেনজির আলম, বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউটের মহাপরিচালক কৃষিবিদ ড. মোঃ শাহজাহান কবীর, ডিএই ফরিদপুর উপপরিচালক কৃষিবিদ ড. মোঃ হযরত আলী। এছাড়াও অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব

এরপর পৃষ্ঠা ৬ কলাম ৩

সম্পাদক : কৃষিবিদ ফেরদৌসী বেগম, সহকারী সম্পাদক : মো. মনজুরুল ইসলাম মিন্টু

কৃষি তথ্য সার্ভিসের অফসেট প্রেসে মুদ্রিত ও প্রেস ম্যানেজার জালালুল ফেরদৌস কর্তৃক প্রকাশিত, গ্রাফিক্স ডিজাইন : মনোয়ারা খাতুন

ফোন : ০২৫৫০২৮২৬০. ইমেইল : dirais@ais.gov.bd, editor@ais.gov.bd ওয়েবসাইট : www.ais.gov.bd

এরপর পৃষ্ঠা ৫ কলাম ১